তারিখ: 06 OCT 2016 পৃষ্ঠা ৩ কলাম ৮

যুগান্তর

# এমবিবিএস ভর্তি পরীক্ষা পরিদর্শনে তিন তদারকি টিম

**যুগান্তর রিপোর্ট**

আসন্ন এমবিবিএস ভর্তি পরীক্ষার কেন্দ্র তদারকির জন্য ১৪৩ সদস্যের পৃথক তিন তদারকি টিম গঠন করেছে স্বাস্থ্য মন্ত্রণালয়। কাল অনুষ্ঠিতব্য ১৮টি মেডিকেল কলেজের ৩৭টি ভর্তি পরীক্ষার কেন্দ্র তদারকির দায়িত্ব পালন করবেন এসব টিমের সদস্যরা। স্বাস্থ্য মন্ত্রণালয়ের পৃথক তিনটি প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়েছে।

জানা গেছে, বরাবরের মতো স্বাস্থ্যমন্ত্রী, সচিব ও প্রতিমন্ত্রী ভর্তি পরীক্ষার কেন্দ্র পরিদর্শন করবেন। এছাড়াও স্বাস্থ্য মন্ত্রণালয়ের ১১ জন অতিরিক্ত সচিবের

■ পৃষ্ঠা ৭ : কলাম ২

## এমবিবিএস ভর্তি পরীক্ষা পরিদর্শনে তিন তদারকি টিম

(৩য় পৃষ্ঠার পর)

সমন্বয়ে একটি উচ্চ পর্যায়ের পরিদর্শন টিম গঠন করা হয়েছে। কমিটির সদস্যরা হলেন— মন্ত্রণালয়ে অতিরিক্ত সচিব বিমান কুমার সাহা, রোকসানা কাদের, নাসির আরিফ মাহমুদ, মো. নজরুল ইসলাম, হারুন উর রশীদ খান, বাসুদেব গাঙ্গুলী, সুভাষ চন্দ্র সরকার, ফয়েজ আহমেদ, মো. আসাদুল ইসলাম, কাজী গোলাম মোস্তফা সরোয়ার ও মো. হাবিবুর রহমান খান। রাজধানী ঢাকা এবং ঢাকার বাইরের বিভিন্ন পরীক্ষা কেন্দ্র ও হল পরিদর্শনের জন্য শতাধিক সদস্য সমন্বয়ে গঠিত দ্বিতীয় তদারকি টিমে স্বাস্থ্য মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদফতরের যুগ্ম-সচিব, পরিচালক ও উপ-পরিচালক পদমর্যাদার কর্মকর্তা রয়েছেন। এছাড়া তৃতীয় তদারকি কমিটিতে শিক্ষাবিদ, প্রাবন্ধিক, চিকিৎসক ও সাংবাদিক নেতা রয়েছেন। কমিটির সদস্যরা সুষ্ঠুভাবে পরীক্ষা সম্পাদন, কেন্দ্রগুলোতে কোনো ধরনের অনিয়ম হচ্ছে কিনা তা তদারকি করবেন।